গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা

স্মারক নং- ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩- ৬৮৫ তারিখ ঃ১৬.০৯.২০১৩ইং।

## প রি প ত্র

বিষয়ঃ- ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচন ।

স্থানীয় সরকার বিভাগের ২৯ মার্চ,২০১২ খ্রিঃ তারিখের ৪৬.০১৭.০১৮.০০.০০.০১০.২০১১(অংশ-১)-১৬৫ নম্বর স্মারক বাতিলপূর্বক তৃণমূল জনসাধারণকে One Stop Service প্রদানের পাশাপাশি ইউনিয়ন পরিষদকে শক্তিশালী করার অন্যতম পূর্বশর্ত হলো ইউনিয়ন কমপ্লেক্স ভবন নির্মাণ। এক ছাদের নিচে বা একই ভবনে ইউনিয়ন পর্যায়ের নির্বাচিত জনপ্রতিনিধি ও সরকারি অফিসসমূহের অবস্থান নিশ্চিত করাই এর লক্ষ্য। জনগণের সেবা প্রাপ্তি সহজ ও নিশ্চিত করতে সরকার পর্যায়ক্রমে সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের কার্যক্রম গ্রহণ করেছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে কমপ্লেক্স ভবনের স্থান নির্বাচন যথাযথভাবে না হওয়ায় এ কার্যক্রম ব্যাহত হয়। ফলে প্রদত্ত বরাদ্দ নির্ধারিত সময়ে ব্যবহার অনিশ্চিত হয়ে পড়ে। বিষয়টি বিবেচনায় রেখে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের যথাযথ স্থান নির্বাচন ও প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব প্রক্রিয়াকরণে এ পরিপত্র জারি করা হ'ল। সরকার আশা করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ পরিপত্রে বর্ণিত শর্তসমূহ পুরণপূর্বক প্রস্তাব প্রক্রিয়াকরণ নিশ্চিত করবে।

২। নতুন কমপ্লেক্স ভবনের স্থান নির্বাচনের ক্ষেত্রে নির্ধারিত পরিমাণ ভূমি ও অবকাঠামোগত সুবিধার শর্ত পূরণ হলে সাধারণতঃ ইউনিয়ন পরিষদের বিদ্যমান স্থানকে অগ্রাধিকার দেয়া হবে। তবে বিদ্যমান স্থানের পরিবর্তে নতুন স্থান নির্বাচনের জন্য নিচের শর্তসমূহ পূরণ করতে হবে ঃ

- ক. প্রস্তাবিত স্থানে জমির পরিমাণ ০.২৫ (শূন্য দশমিক দুই পাঁচ) একর হতে হবে। তবে, পার্বত্য এলাকা, দ্বীপাঞ্চল, সমূদ্র উপকূলীয় চরাঞ্চল, নিম্নাঞ্চল ও হাওড়-বাওড় এলাকার জন্য প্রয়োজনে সরকার এ শর্ত শিথিল করতে পারবে;
- খ. স্থানটি যথাসম্ভব ইউনিয়নের কেন্দ্রস্থলে হওয়া বাঞ্ছনীয় ;
- গ. প্রস্তাবিত স্থানে যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা অপেক্ষাকৃত উন্নত এবং ইউনিয়নের সকল স্থানের সাথে সংযুক্ত হতে হবে ;
- ঘ. স্থানটির কাছাকাছি অবকাঠামোগত সুবিধা, যেমনঃ রাস্তা-ঘাট, শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার, হাসপাতাল বা চিকিৎসা কেন্দ্র, ব্যাংক, সরকারী বা আধা সরকারী অফিস ইত্যাদি থাকলে তা ইতিবাচক হিসেবে বিবেচিত হবে;
- ঙ. কমপ্লেক্স ভবনের স্থানটি অপেক্ষাকৃত উঁচু, নদী ভাঙ্গন ও বন্যামুক্ত হতে হবে।

৩। ইউনিয়ন পরিষদ, কমপ্লেক্স ভবনের স্থান নির্বাচনের সিদ্ধান্ত, পরিষদ সভায় গ্রহণ করবে। অতঃপর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পেশ করবেন। প্রস্তাবের সাথে নিম্নবর্ণিত তথ্য ও কাগজপত্র সংযুক্ত করতে হবে;

- ক. ইউনিয়ন পরিষদ সভার কার্যবিবরণী;
- খ. জমির দলিল ও ইউনিয়ন পরিষদের অনুকূলে নাম জারির পর্চা, খতিয়ান;
- গ. বিদ্যমান অবকাঠামোগত ও যোগাযোগ সুবিধাদি চিহ্নিত করে প্রস্তাবিত স্থানের স্কেচ ম্যাপ(ট্রেসিং পেপারে);
- ঘ. স্থানটি দানসূত্রে প্রাপ্ত হলে দানপত্র দলিল বা দাতার অংগীকারনামা, দাতার মালিকানা প্রমাণের দলিল ও পর্চা;
- ঙ. জমির মৌজা, জে এল নং, খতিয়ান, দাগ নংসহ বিস্তারিত তফসিল;
- চ. নতুন স্থান নির্বাচনের সিদ্ধান্ত চুড়ান্ত করার পূর্বে বিষয়টি ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন পরিষদ নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে জনসাধারণের অবগতির জন্য প্রচার করতে হবে। কোন ব্যক্তির আপত্তি থাকলে সে বিষয়ে শুনানী গ্রহণ করে নতুন স্থান নির্বাচনের উপযুক্ত কারণ উল্লেখ করে এবং সিদ্ধান্তের অনুকূলে যৌক্তিকতা ব্যাখ্যা করে স্থান নির্বাচনের প্রস্তাব প্রেরণ করতে হবে।
- ছ. জমির নিষ্কন্টকতা বিষয়ে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর প্রত্যয়ন।

৪। উপজেলা নির্বাহী অফিসার সরজমিনে পরিদর্শন করে স্থানটি নির্বাচনের যৌক্তিকতাসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রস্তাব প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে জেলা প্রশাসক বরাবরে প্রেরণ করবেন।

৫। জেলা প্রশাসক প্রস্তাবটি প্রাপ্তির পর তিনি নিজে বা উপ-পরিচালক স্থানীয় সরকার/একজন অতিরিক্ত জেলা প্রশাসকের মাধ্যমে স্থানটি সরজমিনে পরিদর্শনের ব্যবস্থা করবেন। সংশ্লিষ্ট কর্মকর্তা পরিদর্শনকালে প্রস্তাবিত স্থান সম্পর্কে কোন আপত্তি থাকলে তার শুনানী নেবেন এবং দ্বিতীয় অনুচ্ছেদের শর্তসমূহ পূরণ হলে জেলা প্রশাসক সুস্পষ্ট মতামত ও সুপারিশসহ প্রস্তাবটি সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবরে প্রেরণ করবেন। প্রস্তাবের সাথে নিম্নবর্ণিত তথ্য ও কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

চলমান পাতা-২

ক. তৃতীয় অনুচ্ছেদে উল্লিখিত কাগজপত্রসহ ইউনিয়ন পরিষদের প্রস্তাব ;
খ. স্থান নির্বাচনের যৌক্তিকতা সম্বলিত উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিবেদন ;
গ. প্রস্তাবিত স্থানটি জেলা প্রশাসক বা অতিরিক্ত জেলা প্রশাসক কর্তৃক পরিদর্শনের প্রতিবেদন।

৬। পরিদর্শনকালে বিকল্প স্থান নির্বাচনের প্রস্তাব পাওয়া গেলে জেলা প্রশাসক বা অতিরিক্ত জেলা প্রশাসক ঐ স্থানটিও পরিদর্শন করবেন। বিকল্প প্রস্তাব বিষয়ে দ্বিতীয় অনুচ্ছেদের শর্ত পূরণ হলে জেলা প্রশাসক উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে তৃতীয় অনুচ্ছেদে বর্ণিত তথ্য ও কাগজপত্রসহ তা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব সংগ্রহের ব্যবস্থা নেবেন এবং পঞ্চম অনুচ্ছেদ অনুসরণে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।

৭। বিকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণে চতুর্থ অনুচ্ছেদ ও পঞ্চম (খ) উপানুচ্ছেদ অনুসরণের প্রয়োজন হবে না। তবে, ষষ্ঠ অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পাওয়া না গেলে জেলা প্রশাসক সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে তৃতীয় অনুচ্ছেদে বর্ণিত তথ্য ও কাগজপত্র সংগ্রহ করে একটি প্রস্তাব প্রেরণ করবেন।

৮। জেলা প্রশাসক সপ্তম অনুচ্ছেদে বর্ণিত তথ্য ও কাগজপত্র সম্বলিত প্রস্তাবটি প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন। প্রস্তাবের সাথে সুস্পষ্ট মতামত ও সুপারিশসহ জেলা প্রশাসক বা অতিরিক্ত জেলা প্রশাসকের বিস্তারিত পরিদর্শন প্রতিবেদন সংযুক্ত করতে হবে।

৯। ষষ্ঠ হতে অষ্টম অনুচ্ছেদের যাবতীয় কার্যক্রম পরিদর্শনের তারিখ হতে অনধিক ১(এক) মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।

১০। দানপত্র অঙ্গীকারনামার ক্ষেত্রে সরকার কর্তৃক স্থান নির্বাচনের প্রশাসনিক অনুমোদন প্রদানের পর যত দ্রুত সম্ভব জেলা প্রশাসক মালিকের নিকট হতে উক্ত জমি ইউনিয়ন পরিষদের নামে রেজিষ্ট্রেশন করতঃ সরজমিনে দখল গ্রহণের ব্যবস্থা নেবেন।

১১। স্থান নির্বাচনের বিষয়ে সরকারের সিদ্ধান্ত চুড়ান্ত গণ্য হবে এবং জেলা প্রশাসিক প্রশাসনিক অনুমোদনের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

১২। স্থান নির্বাচনের পূর্বে বরাদ্দ প্রদান করা হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত তা জেলা প্রশাসককে অবহিত করে স্থান নির্বাচনের অনুরোধ জানাবেন।

১৩। সরকার কর্তৃক স্থান নির্বাচনের প্রশাসনিক অনুমোদন না হওয়া পর্যন্ত বরাদ্দকারী কর্তৃপক্ষ কর্তৃক কোনক্রমেই ঠিকাদার বরাবরে কার্যাদেশ প্রদান করা যাবে না।

১৪। এ নির্দেশমালা/নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং এতদবিষয়ে স্মারক সূত্রে জারিকৃত পরিপত্র, বিজ্ঞপ্তি, নির্বাহী আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৬/০৯/১৩
(আবু তাহের মুহাম্মদ জাবের)
উপ- সচিব
ফোনঃ৯৫৮৬৬০৫ ।

বিতরণঃ

১. জেলা প্রশাসক,............................................(সকল)।

২. উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা..................................., জেলা.........................................।

৩. চেয়ারম্যান,.............................ইউনিয়ন পরিষদ, উপজেলা........................, জেলা.....................।

স্মারক নং- ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩.৮৮৫ তারিখ : ১৬.০৯.২০১৩ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা
২. মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ..........................................................................(সকল)।
৪. প্রকল্প পরিচালক, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

১৬/০৯/১৩
(আবু তাহের মুহাম্মদ জাবের)
উপ- সচিব
ফোনঃ৯৫৮৬৬০৫ ।